জাতীয় নাগরিক পার্টির নেতা তুষারের বিরুদ্ধে নীলার যৌন হয়রানির অভিযোগ



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) কেন্দ্রীয় কমিটির সদস্য ও সমাজকর্মী নীলা ইসরাফিল, সাবেক যুগ্ম আহ্বায়ক সরোয়ার তুষারের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ এনে দলীয় তদন্ত কমিটির কাছে লিখিত আবেদন জমা দিয়েছেন। তিনি অভিযোগে তুষারের দীর্ঘদিনের অবমাননাকর ও মানসিকভাবে আঘাতজনক আচরণের বিচার দাবি করেছেন।

আজ বৃহস্পতিবার (২৬ জুন) নিজের ফেসবুক অ্যাকাউন্টে একটি পোস্টের মাধ্যমে তার অভিযোগ তুলে ধরেন।এটি এনসিপির গঠিত তদন্ত কমিটির কাছে তা আনুষ্ঠানিকভাবে জমা দিয়েছেন বলে জানান।

নীলার বক্তব্য অনুযায়ী, পারিবারিক সংকটের সময় তুষার সহানুভূতির পরিচয় দিয়ে ঘনিষ্ঠতা তৈরি করলেও, ধীরে ধীরে তা অনৈতিক দাবির দিকে মোড় নেয়। অভিযোগে বলা হয়, তিনি একাধিকবার তুষারের অপ্রত্যাশিত ভিডিও কল, ব্যক্তিগত ছবি চাওয়া এবং কুরুচিপূর্ণ মন্তব্যের সম্মুখীন হন। এমনকি জনসমক্ষে তাকে “প্রেমিকা” বলে দাবি করায় তার সামাজিক অবস্থান ক্ষুণ্ন হয়। এসব ঘটনার পরিপ্রেক্ষিতে তিনি যোগাযোগ সংক্রান্ত কিছু রেকর্ড সংরক্ষণ করেন, যার কিছু ইতিমধ্যেই সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

তুষারের বিরুদ্ধে এই অভিযোগ শুধুই ব্যক্তিগত নয়, বরং দলীয় নৈতিকতা ও নেতৃত্বের প্রশ্নও সামনে এনেছে। অভিযোগের প্রেক্ষিতে এনসিপি এখনো কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি। নীলা অভিযোগপত্রে উল্লেখ করেছেন যে, তিনি একাধিকবার দলীয় ফোরামে সমাধান চাইলেও কোন কার্যকর ব্যবস্থা নেওয়া হয়নি, বরং নীরবতা ও অবজ্ঞার মুখোমুখি হতে হয়েছে। ফলে শেষ পর্যন্ত তিনি লিখিত আবেদনসহ প্রমাণসহ অভিযোগ তুলেছেন। এ ঘটনাকে ঘিরে সামাজিক মাধ্যমে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে এবং তুষারের রাজনৈতিক অবস্থান নিয়েও প্রশ্ন উঠেছে।